
প্রথম আলো

জেলা

# ভারতীয় মিডিয়া মিথ্যা সংবাদ দেয়, গুজব রটায়: স্বরাষ্ট্র উপদেষ্টা

**প্রতিনিধি** রাঙামাটি

প্রকাশ: ০৩ এপ্রিল ২০২৫, ২১: ৩০



স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী *ফাইল ছবি বাসস*

ভারতীয় মিডিয়া মিথ্যা সংবাদ দেয়, গুজব রটায় বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, 'তাদের কয়েকটি মিডিয়া রয়েছে, তাদের কাজ হলো শুধু গুজব রটানো। তাই আপনাদের (সাংবাদিকেরা) সঠিক সংবাদ দিয়ে গুজবকে হটাতে হবে।'

আজ বৃহস্পতিবার বেলা দুইটার দিকে রাঙামাটি শহরের তবলছড়ি এলাকায় বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদর সেক্টর দপ্তরে আয়োজিত সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্র উপদেষ্টা এসব কথা বলেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, পার্বত্য চট্টগ্রামে বড় সমস্যা হচ্ছে চাঁদাবাজি। এ অঞ্চলে যত সহিংসতার ঘটনা ঘটছে তার মূলে রয়েছে চাঁদাবাজি। এ চাঁদাবাজি বন্ধ করা না গেলে কোনো দিনই এখানে সমস্যার সমাধান হবে না।

যত তাড়াতাড়ি সম্ভব পাহাড় ও সমতলে অবৈধ অস্ত্রের ব্যবহার বন্ধে পদক্ষেপ নিতে হবে উল্লেখ করে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, '৫ আগস্টের সময় সমতলে অনেক থানা থেকে অস্ত্র লুট হয়েছে। সেগুলো এখনো উদ্ধার হয়নি। এ অস্ত্রগুলো উদ্ধার করা গেলে অনেক সমস্যার সমাধান হবে। তবে এ ব্যাপারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর নির্দেশ দেওয়া হয়েছে। কোনো অবস্থাতেই চাঁদাবাজির ছাড় দেওয়া যেন না হয়। সে যতই টাই-স্যুট পরা হোক। কেউ আইন হাতে নিলে ছাড় দেওয়া হবে না।'

স্বরাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, পার্বত্যাঞ্চলের জীবনমানের উন্নয়ন দরকার। গরিবের জন্য যেসব টাকা বরাদ্দ দেওয়া হয়, সেগুলো যেন সঠিকভাবে পৌঁছায়। তার জন্য মনিটরিং করা হবে। কোনো অবস্থাতেই দুর্নীতি টলারেট করা হবে না। তবে এখানে সাধারণ মানুষের জীবনমানের যতটুকু উন্নতি হয়েছে, তা সেনাবাহিনীর দ্বারা হয়েছে।

এর আগে স্বরাষ্ট্র উপদেষ্টা চট্টগ্রাম রিজিয়নের আওতাধীন বিজিবির বাঘাইহাট ব্যাটালিয়ন, সাজেক বিওপি এবং রাঙামাটি সেক্টর সদর দপ্তর পরিদর্শন করেন। এ ছাড়া স্বরাষ্ট্র উপদেষ্টা সম্প্রতি আগুনে পুড়ে যাওয়া সাজেক পর্যটনকেন্দ্র ও ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণের স্থান পরিদর্শন করেন। এ সময় তাঁর সঙ্গে ছিলেন পার্বত্য চট্টগ্রামবিষয়ক উপদেষ্টা সুপ্রদীপ চাকমা ও বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকীসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা।



স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো |

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান